গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭.১৭৬

তারিখ: ১ চৈত্র ১৪২৮
১৫ মার্চ ২০২২

**অফিস আদেশ**

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ১.১.১ কর্মসম্পাদন সূচকে বর্ণিত উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যে বহি:বিশ্বে উচ্চ শিক্ষা গ্রহণের জন্য সেবা গ্রহীতাগণের (শিক্ষার্থীগণ) পরীক্ষার সনদ সত্যায়নের জন্য পরিবহনপুল ভবনের ৮ম তলার ৮০৮ নং কক্ষে **'ওয়ান স্টপ সার্ভিস'** ডেস্ক স্থাপন করা হয়েছে। সত্যায়নের জন্য এ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ তাঁদের জন্য সপ্তাহের নির্ধারিত দিবসে সকাল ১০.০০ হতে বেলা ১২.০০ টা পর্যন্ত সময়ে উক্ত ডেস্কে উপস্থিত থেকে সত্যায়নের দায়িত্ব পালন করবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১৫-৩-২০২২
মোঃ নজরুল ইসলাম
যুগ্মসচিব
ফোন: ৯৫৭৬৬৭৯
ফ্যাক্স: ৯৫১৪১১৪
ইমেইল: info@moedu.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭.১৭৬/১

তারিখ: ১ চৈত্র ১৪২৮
১৫ মার্চ ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:
১) অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
২) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), ই-গভর্নেন্স-২ অধিশাখা , মন্ত্রিপরিষদ বিভাগ
৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৪) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৫) উপসচিব, বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
৬) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
৭) জনাব ..................................................., কর্মকর্তা ও সত্যায়নকারী কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।

৯) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১০) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১৫-৩-২০২২
মোঃ নজরুল ইসলাম
যুগ্মসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

**উদ্ভাবনের নাম: পরীক্ষার সনদ সত্যায়নের জন্য "ওয়ান স্টপ সার্ভিস" চালুকরণ।**


## উদ্ভাবনের পূর্বের অবস্থা:

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বিভিন্ন নাগরিক সেবা প্রদান করে থাকে। শিক্ষার্থীদের **সনদ সত্যায়ন** নাগরিক সেবার একটি গুরুত্বপূ অংশ। শিক্ষার্থীদের বর্হিঃবিশ্বে উচ্চ শিক্ষা গ্রহণের জন্য তাদের সনদ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সত্যায়ন করতে হয়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ হতে বর্তমানে সেবাটি পাওয়ার জন্য সেবা গ্রহীতাগণ (শিক্ষার্থী) তাদের সনদ সংশ্লিষ্ট বোর্ড এবং বিশ্ববিদ্যালয় হতে যাচাইপূর্বক এ বিভাগে সত্যায়নের জন্য দাখিল করে। এজন্য তাদের বাংলাদেশ সচিবালয়ের প্রবেশ গেটের ৯ নং কাউন্টারে এসে সকাল ১০ টা হতে ১১টার মধ্যে উপস্থিত হয়ে লাইনে দাঁড়িয়ে **টোকেনের মাধ্যমে** সনদ জমা প্রদান করে থাকে। এ **সময়ে এ বিভাগের ১ জন কর্মচারী সনদ গ্রহণ করেন। অতপর অফিস কর্তৃক নির্ধারিত কর্মকর্তার নিকট সত্যায়নের জন্য জমা প্রদান করেন।** পরবর্তীতে সনদ সংগ্রহের জন্য তাদের বিকাল ৩.৩০ হতে ৪.০০ টা পর্যন্ত **সচিবালয় গেটে লাইনে দাঁড়িয়ে টোকেনের মাধ্যমে সনদ গ্রহণ** করতে হয়। অর্থাৎ এ বিভাগ হতে সেবাটি পেতে সেবাগ্রহীতাদের প্রায় ০৫ (পাঁচ) ঘন্টা সময়ের অপচয় হয়। এতে সেবা গ্রহীতাগণকে (শিক্ষার্থী) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সনদ সত্যায়নের জন্য পরবর্তী দিন আবার আসতে হয়। ফলে সনদ সত্যায়নের জন্য তাদের তিনটি দপ্তরে তিন দিনের অধিক ভিজিট করতে হয়। এতে তাদের প্রচুর সময় ও অর্থ ব্যয় করতে হয়।

## উদ্ভাবনী ধারনা বাস্তবায়নের পূর্বের বিশ্লেষণ:

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম |
|---|---|
| ধাপ-১ | সকাল ১০-১১ টার মধ্যে সচিবালয়ের গেট থেকে টোকেনের মাধ্যমে সনদ গ্রহণ |
| ধাপ-২ | গ্রহণকৃত সনদ নির্ধারিত কর্মকর্তার কাছে জমাদান |
| ধাপ-৩ | নির্ধারিত কর্মকর্তা কর্তৃক সনদ যাচাই ও সত্যায়ন |
| ধাপ-৪ | সত্যায়নকৃত সনদ অফিস সহায়কের নিকট বুঝিয়ে দেয়া |
| ধাপ-৫ | বিকাল ৩.৩০ - ৪.০০ টায় সচিবালয় গেট থেকে টোকেনের মাধ্যমে সনদ ফেরত। |

## উদ্ভাবনী ধারনা বাস্তবায়নের পূর্বের প্রসেস ম্যাপ (Process Map):





## উদ্ভাবনী ধারনা বাস্তবায়নের পরবর্তী অবস্থা:

শিক্ষার্থীদের **সনদ সত্যায়ন** নাগরিক সেবাটি সহজে সেবা গ্রহীতাদের নিকট পৌছে দেয়ার উদ্দেশ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক **'ওয়ান স্টপ সার্ভিস'** নামক একটি উদ্ভাবনী ধারনা বাস্তবায়ন করা হয়েছে। **ওয়ান স্টপ সার্ভিস** নামক উদ্ভাবনী ধারনার মাধ্যমে বর্হিঃবিশ্বে উচ্চ শিক্ষা গ্রহণের জন্য সেবা গ্রহীতাগণ (শিক্ষার্থী) তাৎক্ষণিক তাদের সনদ সত্যায়ন করতে পারবে। এজন্য পরিবহন পুল ভবনের ৮ম তলার ৮০৮ নম্বর কক্ষে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের **'ওয়ান স্টপ সার্ভিস'** ডেস্ক চালু করা হয়েছে। উক্ত কক্ষে এ বিভাগ কর্তৃক নির্ধারিত একজন সত্যায়নকারী কর্মকর্তা সকাল ১০.০০ টা হতে বেলা ১২.০০ টা পর্যন্ত সনদ সত্যায়নের দায়িত্ব পালন করবেন। সেবাটি বাস্তবায়নের ফলে শিক্ষার্থীদের **সনদ সত্যায়ন** সহজ হয়েছে এবং একই দিনে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সনদ সত্যায়নের জন্য জমা দিতে পারবেন। এতে সেবা গ্রহীতাদের (শিক্ষার্থীদের) সময়, মূল্য ও যাতায়াত (TCV) কমবে।

## উদ্ভাবনী ধারনা বাস্তবায়নের পরবর্তী বিশ্লেষণ:


| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম |
|---|---|
| ধাপ-১ | 'ওয়ান স্টপ সার্ভিস' কক্ষে সনদ জমা |
| ধাপ-২ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সনদ যাচাই ও সত্যায়ন |
| ধাপ-৩ | তাৎক্ষণিক সেবাগ্রহীতাকে সত্যায়নকৃত সনদ প্রদান |


## উদ্ভাবনের ধারনা বাস্তবায়নের পরে প্রসেস ম্যাপ (Process Map):




## তুলনামূলক বিশ্লেষণ:

| ক্ষেত্র | সমস্যার বর্ণনা | সমাধান |
|---|---|---|
| দাখিলীয় কাগজপত্রাদি | সংশ্লিষ্ট বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক যাচাইকৃত মূল সনদ এবং সনদের কপি | সংশ্লিষ্ট বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক যাচাইকৃত মূল সনদ এবং সনদের কপি |
| সেবার ধাপ | ৫টি | ৩টি |
| সম্পৃক্ত জনবল | এ বিভাগের ১/২জন কর্মচারী এবং ১জন সত্যায়নকারী কর্মকর্তা | এ বিভাগের ১জন কর্মচারী এবং ১জন সত্যায়নকারী কর্মকর্তা |
| প্রযুক্তির প্রয়োগ প্রযোজ্য কি না | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় |
| সময় (দিন/ঘন্টা) | ৫ ঘন্টা | ১০ মিনিট |
| খরচ (নাগরিক+অফিস) | বিনামূল্যে | বিনামূল্যে |
| যাতায়াত (নাগরিক) | ২ বার | ১ বার |


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
www.shed.gov.bd
পরীক্ষার সনদ সত্যায়নের জন্য
ওয়ান স্টপ সার্ভিস
সরকারি ছুটি ব্যতীত
কাল ১০:০০মি: - দুপুর ১২:০০মি:
কক্ষ নং: ৮০৮ (৮ম ফ্লোর)
নপুল ভবন, সচিবালয় লিংকরোড, ঢাকা।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
www.shed.gov.bd
পরীক্ষার সনদ সত্যায়নের জন্য
ওয়ান স্টপ সার্ভিস
সরকারি ছুটি ব্যতীত প্রতিদিন সকাল ১০:০০মি: - দুপুর ১২:০০মি:
কক্ষ নং: ৮০৮ (৮ম ফ্লোর), পরিবহনপুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা